# স্কুল ডিস্ট্রিক্ট অব্ ফিলাডেলফিয়া
## ভর্তির নির্দেশিকা

### সংক্ষিপ্ত বিবরণ:

যখন শিক্ষার্থীরা ভর্তির জন্য যেকোন স্কুলে ভর্তি হয়, তখন যদি শিক্ষার্থী স্কুলের কাছাকাছি বাস করে এমন হয় সেক্ষেত্রে তার ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ করার অথবা শিক্ষার্থীদের কোথায় আবেদন করতে হবে সেই সম্পর্কে সঙ্গে সঙ্গে নির্ভুল তথ্য দেওয়ার দায়িত্ব স্কুলের।

আবাসিক শিক্ষার্থীরা স্নাতকের মাধ্যমে একটি প্রোগ্রাম সম্পূর্ণ না করলে এবং বৈধভাবে বহিষ্কৃত না হলে 21 বছর পর্যন্ত ভর্তি হওয়ার আইনি অধিকার আছে। সেই অনুযায়ী, যেসকল শিক্ষার্থীরা স্কুলে ফিরে আসতে ইচ্ছুক তাদেরকে নিয়মিত দিনের ক্লাসে নথিভুক্ত বা পুনঃ নথিভুক্ত করতে অনুমতি নেওয়া আবশ্যক।

### পদ্ধতিসমূহ:
নিম্নলিখিত পদ্ধতিগুলো অবিলম্বে স্কুল ডিস্ট্রিক্ট অব্ ফিলাডেলফিয়ার স্কুল প্রোগ্রামের শিক্ষার্থীদের ভর্তির সমস্ত পুরানো পদ্ধতি এবং কার্যক্রম বাতিল করবে।

যে দিনে শিশুটি ভর্তির জন্য এসেছিল তার পরের দিন থেকে স্কুলে আসার অনুমতি দেওয়া হবে এবং এই ধরণের সমস্ত ক্ষেত্রে পাঁচ (5) ব্যবসায়িক দিনে স্কুল ডিস্ট্রিক্টে প্রয়োজনীয় নথি জমা করতে হবে। 22 Pa. Code §11.11(b).

### যেসব তথ্যের অনুরোধ করা হয়েছে:
ডিস্ট্রিক্টের অঙ্গ হিসেবে শিক্ষার্থীদের জন্য নিরাপদ পরিবেশ বজায় রাখার ক্ষেত্রে প্রচেষ্টা করতে, নিম্নলিখিত বিষয় সম্পর্কে স্কুল জানতে চাইতে পারে:

- রেজিস্ট্রেশনের সময় পিতামাতা/অভিভাবকের ছবি সহ পরিচয়পত্রের প্রতিলিপি। এই প্রতিলিপিটি শিশুকে স্কুলে দিয়ে আসা ও নিয়ে আসার জন্য অনুমোদিত ব্যক্তির পরিচয় যাচাইকরণ করার জন্য ফাইলে রাখা হবে।
- এছাড়াও শিক্ষার্থী যাতে উপযুক্ত সহায়তা সহ উপযুক্ত গ্রেড লেভেল/ক্লাসে ভর্তি হতে পারে তাই স্কুল কর্তৃপক্ষ স্বাস্থ্য বা শারীরিক পরীক্ষার রেকর্ড, একাডেমিক রেকর্ড, উপস্থিতির হারের রেকর্ড, ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম এবং অন্যান্য বিশেষ শিক্ষা রেকর্ড চাইতে পারে।

অনুগ্রহ করে মনে রাখবেন: যদিও স্কুল কর্তৃপক্ষ এইসব তথ্য চাইতে পারে, সেগুলি কোনো শিশুর ভর্তির শর্ত নাও হতে পারে এবং এইসব নথি না প্রদান করার কারণে স্কুল কর্তৃপক্ষ শিশুর ভর্তির ক্ষেত্রে বিলম্ব নাও করতে পারে। শিশু স্কুলে ভর্তি হয়ে যাওয়ার পর স্কুল কর্তৃপক্ষ পিতামাতা/অভিভাবকের কাছে এইসব তথ্য চাইতে পারে।

### প্রয়োজনীয় নথিপত্র

1) **শিশুর বয়সের প্রমাণ (*নিম্নলিখিতগুলির মধ্যে যে কোনো একটি আবশ্যক*)**
   গ্রহণযোগ্য নথিগুলো হল (নিচের তালিকাটি হল উদাহরণ মাত্র, এটিই চূড়ান্ত তালিকা নয়):
   - শিশুর আসল জন্মসনদ
   - শিশুর জন্মসনদের নোটারি করা প্রতিলিপি
   - শিশুর বৈধ পাসপোর্ট,
   - শিশুর আসল খ্রীষ্টধর্মের দীক্ষাসংক্রান্ত শংসাপত্র, যেটিতে জন্মতারিখ আছে
   - খ্রীষ্টধর্মের দীক্ষাসংক্রান্ত শংসাপত্রের প্রতিলিপি- নোটারি করা এবং যথাযথভাবে প্রত্যায়িত এবং জন্মতারিখ আছে
   - পিতামাতা বা অন্য আত্মীয়ের কাছ থেকে নোটারি করা বিবৃতি, যেখানে জন্মতারিখ দেওয়া আছে
   - জন্মতারিখ দেওয়া আছে এমন স্কুলের রেকর্ড

2) **টিকাকরণের রেকর্ড** (***নিম্নলিখিতগুলির মধ্যে যে কোনো একটি আবশ্যক***)
   গ্রহণযোগ্য নথিগুলো হল:
   - শিশুর টিকাকরণের রেকর্ড
   - আগেকার স্কুল ডিস্ট্রিক্ট বা প্রয়োজনীয় টিকা দেয় এমন মেডিক্যাল অফিসে কাছে থেকে লিখিত বিবৃতি অথবা
   - প্রয়োজনীয় টিকার সিরিজ চালু রয়েছে এমন ক্ষেত্রে, অনুসরণ করার মতো রেকর্ড সহ আগেকার স্কুল ডিস্ট্রিক্ট বা প্রয়োজনীয় টিকা দেয় এমন মেডিক্যাল অফিসে কাছে থেকে মৌখিক নিশ্চয়তা।

# স্কুল ডিস্ট্রিক্ট অব্ ফিলাডেলফিয়া
## ভর্তির নির্দেশিকা

### টিকা থেকে অব্যাহতি

(ক) *মেডিক্যাল অব্যাহতি।* চিকিৎসক বা চিকিৎসক মনোনীত কোনো ব্যক্তি টিকা শিশুর স্বাস্থ্যের ক্ষতিকারক হতে পারে বলে কোনো লিখিত বিবৃতি দেয় তাহলে শিশুকে টিকা না দেওয়া হতেও পারে। যখন চিকিৎসক নির্ধারণ করবেন যে টিকা শিশুর স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকারক নয়, তখন এই উপ অধ্যায় অনুসারে শিশুকে টিকা দেওয়া হবে।

(খ) *ধর্মীয় অব্যাহতি।* যদি পিতামাতা, অভিভাবক বা ধর্মীয় ভিত্তিতে বা দৃঢ় নৈতিক ভিত্তিতে বা একই ধর্মীয় বিশ্বাসের নৈতিক দণ্ডাজ্ঞার বন্ধন হতে সন্তানের বস্তু মুক্ত এমন লিখিত বিবৃতি প্রদান করা হলে শিশুকে টিকা দেওয়া হবে।

অনুগ্রহ করে মনে রাখবেন: যদি কোনো শিক্ষার্থী প্রতি ধরণের টিকাকরণ শুরু করে থাকে তাহলে তাদের নথিভুক্ত করা হবে। শিক্ষার্থীকে অবশ্যই প্রক্রিয়ার মাধ্যমে সিরিজের সময়সীমা বজায় রাখা আবশ্যক (উদাঃ শিক্ষার্থী যে একবার টিকা নিয়েছে তাকে তিরিশ দিনের মধ্যে দ্বিতীয় টিকা দেওয়া হবে)। স্কুলের জন্য ফিলাডেলফিয়া ডিপার্টমেন্ট অব্ হেলথ ডিভিশন অব্ ডিজিজ কন্ট্রোল ইমিউনাইজেশন প্রোগ্রামের (ফিলাডেলফিয়ার স্বাস্থ্য বিভাগের রোগ নিয়ন্ত্রণ টিকা প্রোগ্রাম) ফিলাদেলফিয়ার টিকাকরণের আবশ্যকতার জন্য অনুগ্রহ করে এখানে ক্লিক করুন।

### 3) *ঠিকানার প্রমাণ পত্র (নিম্নলিখিত যে কোনো দুটি (2) আবশ্যক)*

গ্রহণযোগ্য নথিগুলো হল: *বসস্থান যাচাই করার ক্ষেত্রে স্কুলগুলোকে নমনীয় হতে হবে এবং পরিবারের অবস্থা অনুযায়ী কোন তথ্যটি প্রয়োজন তা বিবেচনা করতে হবে।*

1. দলিল
2. বন্ধক নিষ্পত্তির পত্রক
3. বর্তমান ইউটিলিটি বিল (গ্যাস, বৈদ্যুত, তার, টেলিফোন)
4. সাম্প্রতিক সম্পত্তির ট্যাক্সের বিল
5. বর্তমান ঠিকানা দেওয়া বৈধ ড্রাইভিং লাইসেন্স অথবা ঠিকানা পরিবর্তনের কার্ড
6. বর্তমান ঠিকানা দেওয়া সোশ্যাল সিকিউরিটি অফিসের চিঠি
7. বর্তমান ঠিকানা দেওয়া পাবলিক অ্যাসিট্যান্স অফিসের চিঠি
8. যখন কোনো শিক্ষার্থী ফস্টার/চাইল্ড কেয়ার এজেন্সিতে নিবন্ধন করে তখন ফস্টারকেয়ার/চাইল্ডকেয়ার এবং DHS-এর চিঠি গ্রহণযোগ্য।
9. পিতামাতা/ আইনি অভিভাবক এবং শিশুর নাম সহ আসল ইজারা (লিজ)
10. বৈধ DOT শনাক্তকরণ কার্ড
11. বর্তমান ক্রেডিট কার্ডের বিল
12. সাম্প্রতিক গাড়ির রেজিস্ট্রেশন
13. বর্তমান ঠিকানা দেওয়া ভোটার রেজিস্ট্রেশন কার্ড
14. বর্তমান ঠিকানা দেওয়া ব্যাঙ্কের সাম্প্রতিক বিবৃতি
15. IRS বিবৃতি বা অন্যান্য মজুরি এবং ট্যাক্সের বিবৃতি e.g., W2, 1040, 1099
16. বর্তমান ঠিকানা দেওয়া সাম্প্রতিক নিয়োগকর্তার পে স্লিপ
17. গৃহহীন শিশুদের জন্য আশ্রয় স্থান বা বসবাসের চিঠি গ্রহণযোগ্য।
18. নিষ্পত্তির 45 দিনের মধ্যে নিষ্পত্তির নথির প্রতিলিপি সহ স্বাক্ষরিত ভূসম্পত্তি বিক্রয়ের চুক্তি

### 4) *পিতামাতার নিবন্ধনের বিবৃতি (শিক্ষার্থীর EH40 রেজিস্ট্রেশন ফর্মের সঙ্গে স্কুল দ্বারা প্রদান করা হয়)*

মাদক, অ্যালকোহল, অস্ত্র, স্কুলের সম্পত্তি নষ্ট করার কারণে শিক্ষার্থী বরখাস্ত বা বহিষ্কৃত হয়ে থাকলে বা হলে সেই ক্ষেত্রে যে কোনো স্কুলে ভর্তির সময় স্কুল কর্তৃপক্ষকে একটি প্রত্যায়িত শপথ বিবৃতি দেওয়া আবশ্যক। 24 P.S. §13-1304-A.শৃঙ্খলামূলক রেকর্ড বা শপথ গ্রহণের বিবৃতির উপর ভিত্তি করে কোনো স্কুল কোনো শিক্ষার্থীর ভর্তি অস্বীকার বা বিলম্ব নাও করতে পারে। যদি কোনো শিক্ষার্থী বর্তমানে অস্ত্র রাখার কারণে বহিঃস্কৃত হয় তাহলে বহিষ্কারের সময়কালে স্কুল তাকে বিকল্প শিক্ষা ব্যবস্থা প্রদান করবে। 24 P.S. § 13-1317.2(e.1) যদি শৃঙ্খলামূলক রেকর্ড বা শপথ গ্রহণের বিবৃতিতে দেখা যায় যে শিক্ষার্থী তার আগের স্কুল থেকে অস্ত্র রাখার অপরাধ ছাড়া অন্য কোনো কারণে বহিষ্কৃত হয়েছে, তাহলে ডিস্ট্রিক্টে ভর্তির পর যে পরিষেবা এবং সহায়তা দেওয়া হয় তা নির্ধারণ করতে স্কুলকে শিক্ষার্থীর আগেকার স্কুলে পারফর্ম্যান্স এবং রেকর্ড পর্যালোচনা করার প্রস্তাব
করা হয়।

5) ***মাতৃভাষার জরিপ (শিক্ষার্থীর EH40 রেজিস্ট্রেশন ফর্মের সঙ্গে স্কুল দ্বারা প্রদান করা হয়)***

যে সকল শিক্ষার্থীরা প্রথমবার স্কুলে ভর্তি হবে তাদের জন্য ইউ.এস ডিপার্টমেন্ট অফ এডুকেশন অফিস ফর সিভিল রাইটস অনুযায়ী মাতৃভাষার জরিপ করা হবে। মাতৃভাষার জরিপ তদারকি করার জন্য শিক্ষার্থীদের ভর্তি বিলম্বিত নাও করা হতে পারে।